




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
শার্শা, যশোর।
www.lged.gov.bd



স্মারক নং - ৪৬.০২.৪১৯০.০০০.১৪.০৭৪.১৯-৫৬২

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ০২/০৬/২০২২ খ্রিঃ।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে অনুন্নয়ন বাজেটের “মেরামত ও সংরক্ষণ” ও “গ্রামীণ সড়ক” এর অধীন নিয়মিত সড়ক রক্ষণাবেক্ষণের লক্ষ্যে শার্শা উপজেলায় (১) শার্শা জিসি- জামতলা R&H সড়কে- ৫(পাঁচ) জন উক্ত সড়কের পার্শ্বের গ্রাম হতে মহিলা কর্মী নিয়োগ করা হবে।

শর্তসমূহ

- ১। বিধবা, স্বামী পরিত্যক্তা এবং পরিবার প্রধান হত দরিদ্র, পোষ্য সংখ্যা বেশী নারী যারা কায়িক শ্রমের মাধ্যমে জীবিকা অর্জন করে।
- ২। শারিরিকভাবে মাটির কাজ করিতে সক্ষম তারা প্রাধান্য পাবে।
- ৩। মহিলা কর্মীদের বয়স জাতীয় পরিচয় পত্র অনুযায়ী ২৫-৪৫ বছর হতে হবে।
- ৪। বয়স প্রত্যয়নের জন্য জাতীয় পরিচয় পত্র সংগে আনিতে হবে।
- ৫। সড়ক রক্ষণাবেক্ষণ কাজের মধ্যে পাকা সড়কের সোল্ডার, সড়কের স্লোপ, রেইনকাট মেরামত সৃষ্ট খাদ ভরাট, ক্ষতিগ্রস্ত সড়ক মেরামত পরিষ্কার, ছোট ছোট ব্রিজ/কালভার্ট এপ্রোচ পরিষ্কার করতে হবে।
- ৬। কর্মীগণ সপ্তাহে ৭ (সাত) দিন সকাল ৮.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত কাজ করিতে হবে।
- ৭। নির্বাচিত মহিলা কর্মীগণ দৈনিক ৩০০.০০ টাকা হারে মাসিক ভিত্তিতে মঞ্জুরী পাবেন, তন্মধ্যে প্রতিদিন ২০০.০০ টাকা হারে মাসিক ভিত্তিক মঞ্জুরী হিসাবে উত্তোলন করবেন এবং অবশিষ্ট প্রতিদিন ১০০.০০ টাকা হারে তাহার ব্যাংক সঞ্চয় হিসাবে জমা হবে যাহা মেয়াদান্তে প্রাপ্ত হবে।
- ৮। পল্লী সড়ক প্রকল্পে আওতায় গত ২বৎসর যে, সকল মহিলা কর্মী নিয়োজিত ছিলেন তারা প্রাধান্য পাবে না, অথবা কোন মহিলার নামে ভিজিপি কার্ড, বয়স্ক ভাতা বা এরূপ কোন ভাতা প্রাপ্ত হলে সেও প্রাধান্য পাবে না।
- ৯। কর্মীগণ অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের এবং সড়কের পার্শ্বের বাসিন্দা হতে হবে।
- ১০। নির্বাচিত নারী কর্মীগণ ভূমিহীন বা তাদের ০.৫ একরের উপরে মালিকানা স্বত্ব জমি থাকিবে না।
- ১১। শর্ত মোতাবেক প্রার্থীর সংখ্যা প্রয়োজনীয় সংখ্যা অপেক্ষা বেশী হলে লটারীর মাধ্যমে কর্মী নিয়োগ করা হবে।
- ১২। কোন মহিলা কোন তথ্য গোপন করে যদি নিয়োগ প্রাপ্ত হয়, তবে পরবর্তীতে তাকে কাজ থেকে বাদ দেওয়া হবে।
- ১৩। প্রার্থিকে নিয়োগ প্রাপ্তির তারিখে হতে ১ (এক) বছর পর্যন্ত বলৎ থাকিবে।

উল্লিখিত শর্তে উপযুক্ত আগ্রহী প্রার্থীগনকে প্রয়োজনীয় কাগজ পত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে যথাস্থানে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

মহিলা কর্মী নির্বাচনের সময় সূচীঃ

ইউনিয়নের নাম	তারিখ	সময়	স্থান	মন্তব্য
শার্শা/উলাশী	২৬-০৬-২০২২ ইং	সকাল ১০.০০ ঘটিকায়	উপজেলা পরিষদ	

(এম, এম, মামুন হাসান)
উপজেলা প্রকৌশলী
ফোন : ০৪২২৮-৭৫৩৮৭
E-mail: ue.sarsha@lged.gov.bd

অনুলিপিঃ

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, যশোর অঞ্চল, যশোর।
- ২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা-যশোর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শার্শা, যশোর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর।
- ৫। চেয়ারম্যান, শার্শা/উলাশী ইউনিয়ন পরিষদ, শার্শা, যশোর।
- ৬। অফিস নথি।